www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

# Civil Services (Main) Examination, 2026

**KVMS–D–BNG**

## বাংলা

**প্রশ্নপত্র—II**

**( সাহিত্য )**

| নির্ধারিত সময় : 3 ঘণ্টা | পূর্ণাঙ্ক : 250 |
|---|---|

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের **দুটি** ভাগে সর্বসমেত **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বসমেত **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের জন্য দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে সেটি পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

## BENGALI

PAPER—II

( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

## SECTION—A

**1.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্নের উত্তর-দান আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

(*a*) ‘‘শীতের ওঢ়নী পিয়া গিরিষের বা।
বরিষার ছত্র পিয়া দরিয়ার না ॥’’

(*b*) ‘‘প্রাণের দোসর ভাই গেল পরলোক।
উদরের জ্বালা আর সোদরের শোক ॥
হাতে পদে দড়ি দিয়া বান্ধে দুই তোক।
গড়াগড়ি দিয়া কান্দে রায়বার কোক ॥’’

(*c*) ‘‘আহা মরি, সুবর্ণ দেউটি
তুলসীর মূলে যেন জ্বলিল, উজলি
দশ দিশ।’’

(*d*) ‘‘পথিক, তুমি পথ হারাইয়াছ?’’

(*e*) ‘‘ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।’’

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন :

(*a*) ‘বৈষ্ণব পদাবলী’-র পর্যালোচনায় গৌড়ীয় বৈষ্ণব দর্শনের প্রাসঙ্গিকতা কী ও কতখানি, নির্দিষ্ট পর্যায় ধরে বিশ্লেষণ করুন। 20

(*b*) মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের কালকেতু-আখ্যানে সমাজ-ভাবনার যে পরিচয় পাওয়া যায়, পাঠ্য কাব্য অবলম্বনে তা বিশ্লেষণ করুন। 15

(*c*) ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থের পাঠ্য অংশ অবলম্বনে ‘জ্ঞানমিশ্রাভক্তি’-র স্বরূপ আলোচনা করুন। 15

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন :

(*a*) মাইকেল মধুসূদন দত্তের ‘মেঘনাদবধ কাব্য’কে কোন্ শ্রেণির মহাকাব্য বলা যায়? বৈশিষ্ট্যসহ আলোচনা করুন। 15

(*b*) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের পরিণতি ও চরিত্র-চিত্রণে প্রকৃতির ভূমিকা আলোচনা করুন। 20

(*c*) ‘সোনার তরী’ কাব্যগ্রন্থের প্রাসঙ্গিক কয়েকটি কবিতা অবলম্বনে বিশ্বপ্রকৃতির সঙ্গে কবির অবিচ্ছিন্ন যোগ ও একাত্মতার বিষয়টি বিশদভাবে ব্যাখ্যা করুন। 15

**4.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন :

*(a)* বঙ্কিমচন্দ্র তাঁর 'সাম্য' প্রবন্ধে স্ত্রীশিক্ষার প্রয়োজনীয়তার উপর কেন বিশেষ গুরুত্ব দিয়েছিলেন, আলোচনা করুন। 15

*(b)* 'ছিন্নপত্রাবলী' অবলম্বনে 'সৌন্দর্যের অনিবার্য শক্তি' কীভাবে পত্রগুলির মূল প্রবণতা হয়ে উঠেছে, উদাহরণসহ আলোচনা করুন। 20

*(c)* দেশের 'শ্রীবৃদ্ধি' এবং কৃষিলক্ষ্মী দেশের প্রতি 'সুপ্রসন্না' হওয়া সত্ত্বেও বঙ্গদেশের কৃষকের দুর্দশা না ঘোচার কারণগুলি প্রাবন্ধিকের অনুসরণে বিশ্লেষণ করুন। 15

## SECTION—B

**5.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্নের উত্তর-দান আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

*(a)* "ওদের কাছে আমরা মানুষ নই, কেবল সংখ্যা।"

*(b)* "কেন এই আসা আর যাওয়া,
কেন হারাবার লাগি এতখানি পাওয়া ॥"

*(c)* "অন্ধকারে অর্ধসত্য সকলকে জানিয়ে দেবার
নিয়ম এখন আছে; তারপর একা অন্ধকারে
বাকি সত্য আঁচ করে নেওয়ার রেওয়াজ
রয়ে গেছে; সকলেই আড়চোখে সকলকে দেখে।"

*(d)* "ঠিক সেই সময় মাথার উপর দিয়া একটি এরোপ্লেন উড়িয়া যাইতেছিল। দেখিতে দেখিতে সেটি সুন্দরবনের উপর পৌঁছিয়া গেল।"

*(e)* "সাহিত্য মানবজীবনের প্রধান সহায়, কারণ তার কাজ হচ্ছে মানুষের মনকে ক্রমান্বয়ে নিদ্রার অধিকার হতে ছিনিয়ে নিয়ে জাগরূক করে তোলা।"

**6.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন :

*(a)* 'রক্তকরবী' নাটকে নন্দিনীর প্রিয় ফুল রক্তকরবী। নাটকটির নামকরণে 'রক্তকরবী' ফুলের তাৎপর্য ব্যাখ্যা করুন। 20

*(b)* মহিম ও সুরেশের মধ্যে অচলার চলাচলই মহিম-অচলার দাম্পত্যে দাহ অনিবার্য করে তুলেছিল—এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে আপনার অভিমত দিন। 15

*(c)* 'জাগরী' উপন্যাসের গঠনগত স্বাতন্ত্র্য বিষয়ে আপনার বিশ্লেষণাত্মক ব্যাখ্যা প্রদান করুন। 15

Prepp
Your Personal Exams Guide

**7.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন :

*(a)* 'নবজাতক' কাব্যগ্রন্থে রবীন্দ্রনাথ ইতিহাস ও সমসাময়িক জীবনকে বিশেষ গুরুত্ব দিয়েছেন। আপনার পাঠ-অভিজ্ঞতার সাহায্যে আলোচনা করুন। 20

*(b)* প্রমথ চৌধুরীর প্রবন্ধ অবলম্বনে কালিদাস ও জয়দেবের কাব্যের তুলনামূলক আলোচনা করুন। 15

*(c)* 'এবং ইন্দ্রজিৎ' নাটকটির অ্যাবসার্ডিটি সংগঠনে 'লেখক' চরিত্রটির গুরুত্ব পর্যালোচনা করুন। 15

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন :

*(a)* জীবনানন্দ দাশের পাঠ্য কবিতা অবলম্বনে কবির প্রকৃতিচেতনার স্বরূপ নির্ণয় করুন। 15

*(b)* মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে মধ্যবিত্ত ও নিম্নবিত্ত জীবনের জটিল মনস্তত্ত্বের ছবি পাওয়া যায়। প্রাসঙ্গিক গল্পগুলি অবলম্বনে মন্তব্যটির প্রাসঙ্গিকতা বিচার করুন। 15

*(c)* 'আরণ্যক' উপন্যাস জুড়ে ছড়িয়ে আছে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের নিবিড় প্রকৃতি-মুগ্ধতার নিদর্শন। তথ্য ও যুক্তিসহ মন্তব্যটি বিশ্লেষণ করুন। 20

★ ★ ★